E 7098

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रू.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रूपये ONE THOUSAND RUPEES

Admissible under Rule 21 & also
u/s 5 (1) of W B L R. Act -1993
duly Stamped Under the Indian
Stamp Act 1899 Subsequently
ammended Schedule 1A Fee—
Fees Paid.

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D. S. R. - II)

19 OCT 2001

— দান পত্র দলিল —

— আনুমানিক মূল্য - ২,৭১,000.00 দুই লক্ষ একাত্তর হাজার টাকা —

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

দান পত্র গ্রহীতা : - শ্রী বিমানেশ দত্ত, পিতা মৃত জানকীনাথ দত্ত,
সাং - নপাড়া কালিবাড়ী রোড, পোঃ - বারাসাত
থানা - বারাসাত, জেলা উত্তর ২৪ পরগনা, জাতি - হিন্দু,
পেশা - ব্যবসা।

দান পত্র দাত্রী : - শ্রীমতী লাবন্য লতিকা দত্ত, স্বামী মৃত জানকীনাথ দত্ত,
সাং - নপাড়া কালিবাড়ী রোড, পোঃ - বারাসাত
থানা - বারাসাত, জেলা উত্তর ২৪ পরগনা, জাতি - হিন্দু,
পেশা - গৃহস্থালী।

100Rs.

INDIA NON JUDICIAL

১০০ রু.  Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

। ২ ।

কস্য শুভ দান পত্র মিদং কার্য্যঞ্চাগে -

জেলা উত্তর ২৪ পরগনা, থানা ও পৌরসভা বারাসাত, বর্তমান এ, ডি, এস, আর, অফিস কদম্বগাছি, পরগনা আনোয়ারপুরের মধ্যে মৌজা - নপাড়া গ্রামে ১৪৭২/২৩৪৪ নং দাগ ভুক্ত ০৪ শতক, ১৪৭২/২৩৪৭ নং দাগ ভুক্ত ০২ শতক, ১৪৭২/২৩৪৬ নং দাগ ভুক্ত ০২ শতক ১৪৭১/২৩৪৫ নং দাগ ভুক্ত ৮ ৩/৪ শতক, ১৪৭৩/২৩৪৮ নং দাগ ভুক্ত ৭ শতক, ১৪৭১/২৩৪৩ নং দাগ ভুক্ত ০৪ শতক, ১৪৫৮ নং দাগ ভুক্ত ৪ শতক, ১৪৭৩ নং দাগ ভুক্ত ০৬ শতক, ১৪৭১ নং দাগ ভুক্ত ২২ শতক মোট ৮২ ১/৪ শতক জমিজমা যাহা নপাড়া নিবাসী নগেন্দ্র চন্দ্র দাস গত ইংরাজি - ৩১ . ৩ . ৫৪ তারিখে বারাসাত সাবরেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ২০১৬ নং কোবালা মূলে ২১ .৪ .৫৪ তারিখে রেজিষ্ট্রিকৃত ২৮১৩নং মৌরসী মোকররী পাট্টা মূলে এবং ২৫ . ২ . ৫৫ তারিখে রেজিষ্ট্রিকৃত ১৭৫০ নং কোবালা মূলে খরিদ করিয়া রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে তাহার নিজ নামে রেকর্ডে

100Rs.

INDIA NON JUDICIAL

১০০ रु. — Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



লিপিবদ্ধ করাইয়া লইয়া একক নিজ খাসে স্বত্ত্ববতী ও ভোগ দখলিকারিনী থাকাকালে আমি অত্র দান পত্র দাত্রী উক্ত সমগ্র ৮২ $\frac{১}{৪}$ শতক জমিজমা গত ইংরাজি ২২ . ১ .১৯৭০ তারিখে বারাসাত সাবরেজিষ্ট্রি অফিস রেজিষ্ট্রিকৃত বুক নং - ১ , ভল্যুম নং - ১৫, পাতা ৪৩ হইতে ৫৮ , রেঃ নং - ৫৪২৪ নং কোবলা মূলে উক্ত নগেন্দ্র চন্দ্র দাস মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া উক্ত জমির কিছু অংশে গৃহাদি নির্মান পূর্বক নিজ খাসে স্বত্ত্ববতী ও ভোগ দখলিকারিনী আছি । উক্ত জমিজমা ও গৃহাদিতে আমার সর্ব প্রকারের হস্তান্তর যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে ।

তুমি দান পত্র গ্রহীতা আমার গর্ভজাত তৃতীয় পুত্র হইতেছো , তুমি তোমার জ্ঞান অবধি অদ্যকালতক আমাকে সেবা যত্ন ও ভক্তি শ্রদ্ধা করিয়া আসিতেছো এবং সর্বদা সর্ব-প্রকারের দেখাশুনা করিয়া আসিতেছো । ভবিষ্যতে ও ঐরূপ করিবে সে বিশ্বাস তোমার উপর আমার আছে । তোমার ঐরূপ ব্যবহারে আমি তোমার প্রতি অত্যন্ত সন্তুষ্ট এবং প্রীত । আমি ও

100Rs.

INDIA NON JUDICIAL

১০০ রু.　　Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये　ONE HUNDRED RUPEES



তোমাকে অত্যন্ত স্নেহ করি ও ভালবাসি । বর্তমানে আমার বয়স আনুমানিক ৬৮ বছর হইয়াছে কখন এই নশ্বর দেহের বিনাশ হইবে তাহার স্থিরতা নাই । আমার গর্ভজাত একমাত্র কন্যা বর্তমানে মৃত আমার অপর ২ পুত্র শ্রী শঙ্কর প্রসাদ দত্ত এবং শ্রী গোপী কৃষ্ণ দত্ত কে আমি অদ্য পৃথক সম্পত্তি দান করিব বলিয়া মনস্থির করিয়াছি এবং অপর ২ পুত্র শ্রী শ্যামলেন্দু দত্ত এবং অমিতেষ দত্ত কে এর বরাবর বসতবাটি উইল করিয়া দিব বলিয়া মনস্থির করিয়াছি। তোমার নিজ নামীয় কোন সম্পত্তি নাই । সে কারনে তোমার ভবিষ্যতের কথা বিবেচনা করিয়া নিম্নের ২ টি তপশীল ভুক্ত ২ কাঠা - ৬ ছটাক ১৪ বর্গফুট জমিজমা আমার অপর পুত্রগনের সহিত আলোচনা করিয়া তাহাদের সম্মতিক্রমে তোমাকে দান করিবার প্রস্তাব দিলে তুমি তাহা গ্রহন করিতে সম্মত হওয়ায় এবং তোমার প্রতি আমার স্নেহ ভালবাসার নিদর্শন স্বরূপ এবং আমার প্রতি তোমার ভক্তি শ্রদ্ধা ও সেবা যত্নের প্রতিদান স্বরূপ নিম্নের ২টি তপশীল বর্নিত ২ কাঠা - ৬ ছটাক ১৪ বর্গফুট জমিজমা যাহা অত্র সাথে সংযুক্ত নকসায় '' বি '' প্লট ভুক্ত

50 Rs.

पचास रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

FIFTY RUPEES

५०रू. 50RS



হইয়াছে। উক্ত জমিজমা অত্র দান পত্র দ্বারা তোমাকে দান করিয়া স্বীকার, অঙ্গীকার প্রচার ও ঘোষনা করিতেছি যে, আমি অদ্য হইতে অত্র দান পত্রের দানকৃত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। তোমার এই দান সূত্রে তপশীল বর্নিত জমিজমায় সম্পূর্ন খাস স্বত্ব দখল বর্তাইল। তুমি অদ্য হইতে অত্র দান পত্রের দানকৃত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে ও দখলে খাসে স্বত্ববান ও দখলকার হইয়া মালিক সেরেস্তায় ও পৌরসভায় তোমার নিজ নাম পত্তন পূর্বক ধার্য্য করাদায়ে দাখিলা গ্রহনে এবং পৌরসভার ট্যাক্স আদায়ে রশিদ গ্রহনে জমির উন্নতি বিধানে যথেচ্ছামত ব্যবহারে দান, বিক্রয়, মর্টগেজ সর্ব প্রকারের হস্তান্তরের ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগন ক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাক, তাহাতে কস্মিনকালে ও আমার বা আমার অপর কোন ওয়ারিশানগনের কাহারও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া গ্রাহ্য হইবে না, কেহ করিলে ও তাহা সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

20 Rs.

बीस रुपये

भारत INDIA

सत्यमेव जयते

২০রু. 20 RS.

TWENTY RUPEES



নির্দায়, নির্দোষ ও সুস্থাবস্থায় নিজ খাস স্বত্ব দখলীয় জমিজমা এই সর্ব প্রথম তোমাকে দান করিয়া উহার সম্পূর্ন খাস দখল তোমার বরাবর ছাড়িয়া দিলাম। দলিলে কোন ভুল থাকা প্রকাশ পাইলে তোমার খরচায় সংশোধন দলিল করিয়া দিব। সঙ্গীয় নকসা দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

এতদার্থে আপন ইচ্ছায়, সুস্থ শরীরে, সরল মনে, সজ্ঞানে, অন্যের বিনানুরোধে বিনা প্ররোচনায় আনুমানিক - ২,৭১,০০০.০০ দুই লক্ষ একাত্তর হাজার টাকা মূল্যের সম্পত্তির দান পত্র দলিল নিজ উক্তি মতো লেখাইয়া, পড়িয়া, দলিলের মর্ম সম্যক অবগত হইয়া অত্র দান পত্র গ্রহীতার বরাবর সহি সম্পাদন করিলাম। ইতি সন - ১৪০৮ সালের ২ রা কার্ত্তিক --, ইংরাজি - ১৯ . ১০ . ২০০১ ।

—১ নং তপশীল বর্নিত সম্পত্তির পরিচয় –

*******************************

জেলা উত্তর ২৪ পরগনা, থানা ও পৌরসভা বারাসাত, ১৪৬ নং তৌজি, পরগনা আনোয়ারপুরের মধ্যে মৌজা - নপাড়া গ্রামে বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে

... সম্পত্তি হইয়াছে ।

উত্তর ২৪ পরগনা জেলা কালেকটর বাহাদুর অধিনে রায়ত দখলি স্বত্বীয় বার্ষিক ৫, টাকা জমার অন্দরে হারাহারি বার্ষিক ১৪ পয়সা জমার কাত ১০ ছটাক জমি মাত্র ।

মৌজা - নপাড়া, জে, এল, নং - ৮৩, রে: সা: নং - ১৩৭,
সাবেক খতিয়ান নং - ৬১২, আর, এস, ১০০১ নং খতিয়ান ভুক্ত -

১। সাবেক দাগ নং - ১৪৫৮, আর, এস, জরিপে $\frac{১৪৭১}{২৩৪৩}$ চৌদ্দশত একাত্তর এর বাটা তেইশশত তেতাল্লিশ নং দাগের বাগান ৪ শতক জমির মধ্য হইতে ১০ ছটাক জমি মাত্র ।

--- ২ নং তপশীল সম্পত্তির পরিচয় --
*************************

ঐ এলাকাধীন, ঐ তৌজি, ঐ মালিক, ঐ স্বত্বীয়, ঐ মৌজা - নপাড়া, বার্ষিক ১ টাকা ১০ আনা জমার অন্দরে হারাহারি বার্ষিক ১২ পয়সা জমার ১ কাঠা - ৯ ছটাক ১৪ বর্গফুট জমি মাত্র ।

ঐ মৌজা - নপাড়া, জে, এল, নং - ৮৩,
আর, এস, ৭৯৭ নং খতিয়ান ভুক্ত -

২। সাবেক দাগ নং - ১৪৫৬, আর, এস, ১৪৭১ চৌদ্দশত একাত্তর নং দাগ ভুক্ত বাগান ৩২ শতক জমির মধ্য হইতে ১ কাঠা ৯ ছটাক ১৪ বর্গফুট জমি মাত্র ।

*************************************************************

২টি তপশীল বর্নিত ২ টি দাগ ভুক্ত মোট ২ দুই কাঠা - ৬ ছয় ছটাক ১৪ চৌদ্দ বর্গফুট জমি মায় যাবতীয় দরবস্তু হক হকুক ও ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দান পত্রের দানকৃত সম্পত্তি হইয়েছে ।

। ৮ ।

অত্র সাথ সংযুক্ত নকসায় '' বি '' প্লট ভুক্ত সম্পত্তি বারাসাত পৌরসভার ২৪ নং ওয়ার্ডের অন্তর্গত ।

— চৌহদ্দি —

*********

উত্তরে - প্লট নং ' সি ' অদ্য দান সূত্রে প্রাপ্ত মতে গোপী কৃষ্ণ দত্ত ,

দক্ষিনে - প্লট নং ' এ ' , অদ্য দান সূত্রে প্রাপ্ত মতে শঙ্কর প্রসাদদত্ত ,

পূর্বে - ৬ ' ফুট চওড়া কমন প্যাসেজ ,

পশ্চিমে - বীরেন্দ্র - নাথ সেনগুপ্ত দীং ।

অত্র দান সানন্দে গ্রহন করিলাম -

শ্রী [illegible] দত্ত

---

গ্রহীতার স্বাক্ষর


মুসাবিদাকারক -
বিদ্যুৎ কুমার রায়
উকিল, পানুয়াবিল - বারাসাত
লাই. নং. ২৫, ডি. ওয়ার
বারাসাত

ইসাদী -
১। শ্রী গোপী কৃষ্ণ দত্ত,
বারাসাত - ন. পাড়া
২। শ্রী [illegible] দত্ত
বারাসাত, ন. পাড়া।

টাইপকারক
[illegible]
আমিরুদ্দিন, বারাসাতকোর্ট ,

SITE PLAN OF LAND IN MOUZA- NAPARA J.L.NO.- 83, R.S. NO. 137, R.S. KH. NO.-1009, 797, R.S. DAG NO.- 1471/2343, 1471 UNDER BARASAT MUNICIPALITY, P.S.- BARASAT, DIST. NORTH 24 PARGANAS

SCALE 16' - 1''




| P.NO. | DAG NO. | AREA |
|---|---|---|
| B | 1471/2343 | 19CH-0 |
| | 1471 | 1K-9CH-14SFT. |
| | TOTAL- | 2K-8CH-14SFT. |

Bidyut Ku Roy

SIGNATURE OF DONOR